গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৩ (পরিকল্পনা ও উন্নয়ন)
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি তেজগাঁও,
ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

**শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুস সবুর মন্ডল. বিপিএএ<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | **২২ সেপ্টেম্বর ২০২৪** |
| সভার সময় | **সকাল ১০.০০টা** |
| স্থান | ভূমি সংস্কার বোর্ড-এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পতাকা 'ক' তে সংযুক্ত |

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভায় ভূমি সংস্কার বোর্ড-এর কর্মকর্তাগণ, বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ, আট বিভাগ থেকে আগত সহকারী কমিশনার (ভূমি)গণ, ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তাগণসহ, স্থানীয় প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণ, সুশীল সমাজের প্রতিনিধিগণ এবং সেবা গ্রহীতাগণের পরিচিতি পর্ব শেষে সভাপতির অনুমতিক্রমে জনাব খৃষ্টফার হিমেল রিছিল, সহকারী ভূমি সংস্কার কমিশনার, ভূমি সংস্কার বোর্ড সভার বিষয়বস্তু সম্পর্কে অংশীজনদের অবহিত করেন। অতঃপর কার্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং. | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। | সেবাগ্রহীতার আস্থা সৃষ্টির লক্ষ্যে সরকারি সেবার মান উন্নত করা | আলোচনা: সভাপতি বলেন যে, অংশীজনের সাথে ভূমিসেবার বাস্তবচিত্র নিয়ে কথা বলাই স্টেইকহোল্ডার সভার মূল স্পিরিট। ভূমি ব্যবস্থাপনা ও ভূমিসেবাকে তৃণমূল পর্যায়ে জনবান্ধব করে গড়ে তুলতে নিষ্ঠার সাথে কাজ করতে হবে। সে লক্ষ্যে ভূমি মালিকদের নিয়ে একাধিক টার্গেট গ্রুপ তৈরি করা যেতে পারে। গ্রাম বা মৌজা ভিত্তিক টার্গেট গ্রুপ হতে পারে। প্রয়োজনে স্থানীয় কাউন্সিল তৈরি করা যেতে পারে। টার্গেট গ্রুপের মাঝে চাহিদা ভিত্তিক তথ্য সহজে পৌঁছানোর লক্ষ্যে তথ্য-প্রযুক্তিকে ব্যবহার করতে হবে। মাঠপর্যায়ের কর্মরত কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ, জনগণের দোরগোড়ায় সেবা প্রদানের জন্য ভূমি ব্যবস্থাপনা ও ভূমিসেবা সহজ, সরল ও নির্ভেজাল করা ভূমি সংস্কার বোর্ডের মূল লক্ষ্য।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) সেবাদাতা ও সেবাগ্রহীতার মাঝে সুসম্পর্ক সৃষ্টির লক্ষ্যে customer's feedback ব্যবস্থা চালু করতে হবে। ভূমি ব্যবস্থাপনা ও ভূমিসেবার সাথে জড়িত সকল কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণ প্রদান করতে হবে। চাহিদা ভিত্তিক তথ্য সহজে টার্গেট গ্রুপের কাছে পৌঁছানোর লক্ষ্যে তথ্য-প্রযুক্তিকে ব্যবহার করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি) (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ২। | ভূমি ব্যবস্থাপনা ও ভূমিসেবা যুগোপযোগী ও আধুনিকীকরণ | আলোচনা: জনাব ড. মোঃ জাহিদ হোসেন পনির, বিপিএএ, যুগ্মসচিব, ভূমি মন্ত্রণালয় বলেন যে, ভূমি মন্ত্রণালয় এবং সংস্কার বোর্ড ভূমি ব্যবস্থাপনা ও ভূমিসেবা যুগোপযোগী ও আধুনিকীকরণে কাজ করে চলছে। অচিরেই একদেশ একরেট এবং লাইভ রোবটিক সিস্টেমের মাধ্যমে সেবার মান সম্পর্কে রেটিং প্রদান করা হবে। ল্যান্ড স্মার্ট পয়েন্ট তেরি করা হবে যাতে সেবাগ্রহীতারা আরও সহজে সেবা গ্রহণ করতে পারেন। বর্তমানে যে কেউ সার্বক্ষণিক টোল ফ্রি হটলাইন নম্বরে (১৬১২২) কল করে ভূমি সংক্রান্ত সেবা বা অভিযোগ জানাতে পারছেন। কল সেন্টারটি ভূমি সম্পর্কিত সমস্যা সমাধানের আধুনিক টুলস নিয়ে কাজ করে যাচ্ছে।<br><br>সিদ্ধান্ত:<br>( ক) যুগোপযোগী ও আধুনিক ভূমি ব্যবস্থাপনা ও ভূমিসেবা নিশ্চিতীকরণে কর্মকৌশল নির্ধারণ করতে হবে। সর্বাগ্রে সমস্যাসমূহ চিহ্নিত করে সমাধানের কর্মপন্থা নির্ধারণ করতে হবে এবং ল্যান্ড স্মার্ট পয়েন্ট মোতাবেক ভূমিসেবাকে সহজ করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি) (সকল) |
| ৩। | সিটিজেন'স চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থপনা এবং তথ্য অধিকার আইন বাস্তবায়ন | আলোচনা: জনাব মো: রেজাউল কবীর, উপ-ভূমি সংস্কার কমিশনার (যুগ্মসচিব) উল্লেখ করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার মূল উদ্দেশ্য হলো সকল স্তর থেকে দুর্নীতি নির্মূল করা। সে লক্ষ্যে প্রতিটি সরকারি দপ্তরের দায়িত্ব তার সিটিজেন'স চার্টার বা সার্ভিস চার্টারটি দৃষ্টিগোচর স্থানে স্থাপন করা। সেবা পাওয়া নাগরিকের অধিকার। অধিকার ক্ষুণ্ন হলে বা কেউ সংক্ষুব্ধ হলে তিনি অভিযোগ প্রতিকার ব্যবস্থা/Grievance Redress System (www.grs.gov.bd)-এ গিয়ে আবেদন দাখিল করতে পারবেন। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)-কে বুদ্ধিবৃত্তিক দুর্নীতি প্রতিরোধেও কাজ করতে হবে। তাকে কোয়ালিটি সেবা নিশ্চিত করতে হবে। এছাড়া তথ্য অধিকার আইনের মাধ্যমে নাগরিকের তথ্য পাওয়ার অধিকারকে সুনিশ্চিত করা হয়েছে। প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণ তাঁদের বক্তব্যে জেলা ও উপজেলায় সরকারি অফিসসমূহের সিটিজেন'স চার্টার দৃষ্টিগোচর স্থানে স্থাপন করার জন্য অনুরোধ করেন। এছাড়া GRS-এর বিষয়ে প্রচার-প্রচারণার জন্য অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) মাঠ পর্যায়ের সকল অফিসে দৃষ্টিগোচর স্থানে সিটিজেন'স চার্টার স্থাপন ও হালনাগাদ করতে হবে এবং সিটিজেন'স চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও তথ্য অধিকার আইন সম্পর্কে সেবাগ্রহীতাদেরকে অবগত করতে হবে। | (ক) জেলা প্রশাসক (সকল)<br>(খ) সহকারী কমিশনার (ভূমি) (সকল) |
| ৪। | বাজেট | আলোচনা: মাঠ পর্যায় হতে আগত সহকারী কমিশনার (ভূমি) ও ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তাগণ বাজেট সংক্রান্ত দাবি দ্রুততম সময়ে নিষ্পত্তির জন্য দৃষ্টি আকর্ষণ করলে সভাপতি মহোদয় নিম্নবর্ণিত সিদ্ধান্ত প্রদান করেন।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসসমূহে সার্ভিস প্রোভাইডারদের লজিস্টিক সাপোর্ট, আইটি সামগ্রী প্রদানসহ ব্রডবেন্ড লাইন বিশিষ্ট ইন্টারনেট সুবিধার ব্যবস্থা করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪ |

| | | | |
|---|---|---|---|
| ৫। | ভূমি সংস্কার বোর্ড-এর সময়াবদ্ধ সংস্কার কর্মপরিকল্পনা | <u>আলোচনা:</u> সভাপতি বলেন যে, ভূমি সংস্কার বোর্ড ইতোমধ্যে ভূমি ব্যবস্থাপনা ও ভূমিসেবা যুগোপযোগী ও আধুনিকীকরণে সময়াবদ্ধ সংস্কার কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। কর্মপরিকল্পনাসমূহ নিম্নরূপ—<br><br>(১) দুর্নীতি ও হয়রানি প্রতিরোধে ভূমি সেবাগ্রহীতা ও ভূমি সেবা প্রদানকারীদের সচেতনতা এবং সক্ষমতা বৃদ্ধি;<br>( ২) ভূমি রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে কর বহির্ভূত রাজস্বের হার হালনাগাদকরণ;<br>(৩) খাসজমি ও সিলিং বহির্ভূত কৃষি জমির সুষ্ঠু ব্যবস্থাপনা;<br>( ৪) ভূমি সংস্কার বোর্ডের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান অর্গানোগ্রাম (জনবল কাঠামো) সংস্কার; এবং<br>(৫) ভূমি সংস্কার বোর্ড-এর গবেষণা ও প্রকাশনা নির্দেশিকা প্রণয়ন।<br><br><u>সিদ্ধান্ত:</u><br>(ক) ভূমি সংস্কার বোর্ড-এর সংশ্লিষ্ট সময়াবদ্ধ কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে এবং এর আওতায় ভূমি ব্যবস্থাপনা ও ভূমিসেবাকে আধুনিক ও যুগোযোগী করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি) (সকল) |
| ৬। | বিবিধ | <u>আলোচনা:</u> সভাপতি আরও বলেন যে, সেবাগ্রহীতার প্রতি সহকারী কমিশনার (ভূমি)গণের Empathy থাকতে হবে। ভূমিসেবার সাথে সম্পৃক্ত সকলকে শুদ্ধাচারী হওয়ার জন্য তিনি আহ্বান জানান। তিনি বলেন যে, উপজেলা পর্যায়ে ভূমি রেজিস্ট্রেশনের সাথে সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রারদের সাথে কো-অর্ডিনেশন থাকতে হবে। এছাড়া সুশীল সমাজের প্রতিনিধিগণ এবং সেবা গ্রহীতাগণ বলেন যে, ডিজিটাল পদ্ধতির ভূমি সেবা সম্পর্কে জনগণকে সচেতন করতে ব্যাপক প্রচার-প্রচারণার প্রয়োজন। তারা সামাজিক যোগাযোগ মাধ্যমকে ব্যাপকভাবে ব্যবহারের অনুরোধ জানান। এছাড়া ভূমি সংশ্লিষ্ট আইনের সুষ্ঠু প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিত করতে অনুরোধ জানান তারা।<br><br><u>সিদ্ধান্ত:</u><br><u>(ক)</u> ডিজিটাল ব্যবস্থাপনায় উন্নত প্রযুক্তির মাধ্যমে ই-নামজারি ও ভূমি উন্নয়ন কর আদায় সম্পর্কে ব্যাপক প্রচার করতে হবে। প্রতিটি এলাকার মসজিদ এবং হাট-বাজারে ব্যাপকভাবে প্রচার/প্রচরণা করা এবং সেবাপ্রদানের পদ্ধতি সম্পর্কে বিজ্ঞপ্তি/সামাজিক যোগাযোগ মাধ্যম/লোকাল টেলিভিশনের মাধ্যমে প্রচার করতে হবে। ভূমি সংশ্লিষ্ট আইনের সুষ্ঠু প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | (ক) জেলা প্রশাসক (সকল)<br>(খ) সহকারী কমিশনার (ভূমি) (সকল)<br>(গ) সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪, ভূমি সংস্কার বোর্ড |

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৪-০৯-২০২৪
মোঃ আব্দুস সবুর মন্ডল. বিপিএএ
চেয়ারম্যান
০২৪১০১০৪৪৩
chairman@lrb.gov.bd


**নম্বর:** ৩১.০২.০০০০.০১৩.৩৫.০০১.২৪.১৬৪

তারিখ: ৯ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ / ২৪ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে/ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়;

২। সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা;

৩। যুগ্মসচিব, ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়;

৪। উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা;

৫। জেলা প্রশাসক (সকল);
৬। বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল);
৭। সহকারী ভূমি সংস্কার কমিশনার (সকল), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা;
৮। চেয়ারম্যান-এর একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা;
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), হিসাব রক্ষণ কর্মকর্তার দপ্তর, ভূমি সংস্কার বোর্ড;
১০। সহকারী কমিশনার (ভূমি) (সকল) এবং
১১। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।



২৪-০৯-২০২৪
খৃষ্টফার হিমেল রিছিল
সহকারী ভূমি সংস্কার কমিশনার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পতাকা-ক (স্টেকহোল্ডার সভার হাজিরা শিট)